

নোয়াখালীতে অনুষ্ঠিত সেমিনারে বক্তারা

নিরাপদ, নিয়মিত ও সুষ্ঠু বৈদেশিক কর্মসংস্থান নিশ্চিত করতে সকলের সহযোগিতা প্রয়োজন

ঢাকা- ১৫ মে ২০১৯ খ্রিঃ

নিরাপদ, নিয়মিত ও সুষ্ঠু বৈদেশিক কর্মসংস্থান নিশ্চিত করতে সমাজের সব শ্রেণী-পেশার মানুষের সহযোগিতা প্রয়োজন। বিদেশগামী কর্মীদের দক্ষতা, সচেতনতা, তথ্যনির্ভর সিদ্ধান্ত গ্রহণ, প্রতারণার হাত থেকে রক্ষার উপায়, অনিয়মতান্ত্রিক প্রক্রিয়ার কুফল এবং বৈদেশিক চাকুরি সংক্রান্ত যাবতীয় তথ্য জেনেশুনে নিশ্চিত হয়ে বিদেশে যেতে হবে। বৈদেশিক কর্মসংস্থানের ক্ষেত্রে দক্ষতা ও সচেতনতার বিকল্প নেই।

আজ বেলা ১১.০০ টায় নোয়াখালী জেলা প্রশাসকের কার্যালয়ের সভাকক্ষে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস-এর সহকারী পরিচালক আবু ছালেকের সভাপতিত্বে “বৈদেশিক কর্মসংস্থানের দক্ষতা ও সচেতনতা” শীর্ষক এক সেমিনারে বক্তারা এসব কথা বলেন। এতে নোয়াখালী জেলার বিভিন্ন পর্যায়ের সরকারি, বেসরকারি ও এনজিও’র প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন।

সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোয়াখালী জেলার জেলা প্রশাসক তন্ময় দাস। এতে রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপসচিব মোহাম্মদ শাহীন। সেমিনারে আরোও উপস্থিত ছিলেন নোয়াখালী জেলার বিভিন্ন বিভাগের কর্মকর্তা, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ, এনজিও কর্মকর্তা, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও গণমাধ্যমের স্থানীয় প্রতিনিধিবৃন্দ।

সেমিনারে মন্ত্রণালয়ের পক্ষ থেকে নিরাপদ, নিয়মিত ও সুশৃংখল অভিবাসন নিশ্চিত করতে জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা, এনজিও’র প্রতিনিধি, সাংবাদিক ও সমাজের গণ্যমান্য ব্যক্তিবর্গের সহযোগিতা কামনা করা হয়। উপস্থিত প্রতিনিধিবৃন্দ স্বতঃস্ফূর্তভাবে সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

মোহাম্মদ রাশেদুজ্জামান

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

মোবাইল- ০১৭১২৩৮০৪৩৫

